

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়  
কুষ্টিয়া।

স্মারক নং-৪৪.০৩.৪০৫০.০০২.৪২.০০৪.২২-১০৯১

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ।  
১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ।


**“অফিস আদেশ”**

আনসার ও ভিডিপি সদর দপ্তর, অপারেশন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫২.০১০.২২.৭৯১, তারিখঃ ১৩/১০/২০২২ খ্রিঃ মোতাবেক কুষ্টিয়া জেলা পরিষদ নির্বাচন আগামী ১৭/১০/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ০৬ (ছয়) টি ভোটকেন্দ্রের আইন-শৃঙ্খলা রক্ষার্থে ১২ (বারো) টি শটগান ও ১২০ (একশত বিশ) রাউন্ড কার্তুজ এবং সর্বমোট ২৪ (চব্বিশ) জন আনসার-ভিডিপি সদস্য-সদস্যাকে আগামী ১৬/১০/২০২২ খ্রিঃ হতে ১৮/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের জন্য অঙ্গীভূত করা হলো। অঙ্গীভূত পিসি, এপিসি ও আনসার-ভিডিপি সদস্য/সদস্যগণ সরকারি বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

অঙ্গীভূত পিসি, এপিসি, আনসার-ভিডিপি (পুরুষ) সদস্যগণ ইউনিফর্ম পরিহিত অবস্থায় অস্ত্র/লাঠিসহ এবং আনসার-ভিডিপি (মহিলা) সদস্যগণ ইউনিফর্ম/সবুজ শাড়ী পরিহিত অবস্থায় লাঠিসহ ভোটকেন্দ্রে দায়িত্ব পালন করবেন। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/প্রশিক্ষক/প্রশিক্ষিকা নিম্নের তালিকা মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা নিবাহী কর্মকর্তা ও অফিসার ইনচার্জ এর সাথে সমন্বয়পূর্বক সদস্য/সদস্যাদেরকে মোতায়েন কার্যক্রম সম্পন্ন করবেন।

ক্রম নং	উপজেলার নাম	কেন্দ্রের সংখ্যা	পিসি (অস্ত্রসহ)	এপিসি (অস্ত্রসহ)	আনসার ও ভিডিপি সদস্য		মোট
					পুরুষ (লাঠিসহ)	মহিলা (লাঠিসহ)	
১	সদর	০১ টি	০১ জন	০১ জন	০১ জন	০১ জন	০৪ জন
২	কুমারখালী	০১ টি	০১ জন	০১ জন	০১ জন	০১ জন	০৪ জন
৩	খোকসা	০১ টি	০১ জন	০১ জন	০১ জন	০১ জন	০৪ জন
৪	মিরপুর	০১ টি	০১ জন	০১ জন	০১ জন	০১ জন	০৪ জন
৫	ভেড়ামারা	০১ টি	০১ জন	০১ জন	০১ জন	০১ জন	০৪ জন
৬	দৌলতপুর	০১ টি	০১ জন	০১ জন	০১ জন	০১ জন	০৪ জন
সর্বমোট=		০৬ টি	০৬ জন	০৬ জন	০৬ জন	০৬ জন	২৪ জন

- ১। প্রতিটি ভোটকেন্দ্রে অঙ্গীভূত জনবলের হিসাব : ০১ জন পিসি (অস্ত্রসহ), ০১ জন এপিসি (অস্ত্রসহ), ০১ জন আনসার/ভিডিপি (পুরুষ) ও ০১ জন আনসার/ভিডিপি (মহিলা) সদস্য/সদস্যগণ লাঠিসহ প্রতি ভোটকেন্দ্রে মোট ০৪ জন।
- ২। কমান্ড সার্টিফিকেটঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ভোটকেন্দ্রে আনসার/ভিডিপি সদস্য/সদস্য মোতায়েনের পূর্বে কমান্ড সার্টিফিকেট ইস্যু নিশ্চিত করবেন।
- ৩। মোতায়েনকৃত সদস্য/সদস্যগণকে তাদের সিসিতে উপস্থিতির বিষয়ে প্রিজাইডিং অফিসারের মন্তব্যসহ স্বাক্ষর নিতে হবে।
- ৪। নীতিমালা অনুযায়ী প্রতি শটগানের বিপরীতে ১০ (দশ) রাউন্ড করে (০৫ রাউন্ড রাবার ও ০৫ রাউন্ড সীসা) কার্তুজ ইস্যু করতে হবে।
- ৫। অঙ্গীভূত সকল সদস্যদেরকে তাদের নিজ ওয়ার্ডের বাইরের ভোটকেন্দ্রে করোনা স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক মোতায়েন করতে হবে।
- ৬। নির্বাচন চলাকালীন উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/প্রশিক্ষক/প্রশিক্ষিকা অঙ্গীভূত আনসার-ভিডিপি সদস্য/সদস্যাদের দায়িত্ব ও কর্তব্য তদারকি করবেন এবং জেলা কমান্ড্যান্টকে সকল পরিস্থিতি অবহিত করবেন।
- ৭। কোথাও নির্বাচন বন্ধ/স্থগিত হলে তাৎক্ষণিকভাবে অত্র দপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে।
- ৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নির্বাচন শেষে ১৯/১০/২০২২ খ্রিঃ তারিখে প্রতিবেদন দাখিল করবেন।  
ইহা কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারি করা হলো।



সোহেলুর রহমান

বিএভি-১২০১৫২

জেলা কমান্ড্যান্ট

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুষ্টিয়া।


মোবাইল : ০১৭৩০০৩৮১০৩

ই-মেইল : kushitaansarvdp@gmail.com

স্মারক নং-৪৪.০৩.৪০৫০.০০২.০৪২.০০৪.২২-১০৯১  
 অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ।  
 ১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ।

০১।	অপারেশন্স শাখা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	-	সদয় অবগতির জন্য।
০২।	উপ-মহাপরিচালক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী খুলনা রেঞ্জ, খুলনা।	-	-এ-
০৩।	জেলা প্রশাসক, কুষ্টিয়া।	-	-এ-
০৪।	পুলিশ সুপার, কুষ্টিয়া।	-	-এ-
০৫।	জেলা নির্বাচন কর্মকর্তা, কুষ্টিয়া।	-	অবগতি ও কার্যক্রমের জন্য।
০৬।	উপজেলা নির্বাহী কর্মকর্তা সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা দৌলতপুর, কুষ্টিয়া।	-	-এ-
০৭।	জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুষ্টিয়া।	-	-এ-
০৮।	উপজেলা নির্বাচন কর্মকর্তা সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা দৌলতপুর, কুষ্টিয়া।	-	-এ-
০৯।	অফিসার ইনচার্জ সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা দৌলতপুর থানা, কুষ্টিয়া।	-	-এ-
১০।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা দৌলতপুর, কুষ্টিয়া।	-	-এ-
১১।	অফিস কপি।		

  
 ১৩/১০/২০২২

জেলা কমান্ড্যান্ট

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুষ্টিয়া।